

সুব্রতদা আর আমি

যেন দুটি কৃষ্ণচূড়া গাছ

কাছাকাছি
পাশাপাশি

বড়ো হ'তে হ'তে
আমাদের ডালপালা
মিলেমিশে গেছে

দূর থেকে ঠিক যেন একটিই গাছ

টের পায়না কেউ
আমাদের যত কথা
শিকড়ে শিকড়ে

সুজিত সরকার

